

# 💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬৮৯

পর্ব-১১: হজ (এшыл)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - ইহরাম অবস্থায় যা থেকে বেঁচে থাকতে হবে

### আরবী

عَنِ ابْنِ عُمَرَ: أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْهَى النِّسَاءَ فِي إِحْرَامِهِنَّ عَنِ الْقُفَّازَيْنِ وَالنِّقَابِ وَمُنَا مَسَّ الْوَرْسُ وَالزَّعْفَرَانُ مِنَ التِّيَابِ وَلْتَلْبَسْ بَعْدَ ذَلِكَ مَا أُحبَّتُ مِنَ التِّيَابِ وَلْتَلْبَسْ بَعْدَ ذَلِكَ مَا أُحبَّتُ مَن أَلوانِ الثيابِ معصفر أوخز أو حلي أو سروايل أو قميصٍ أو خُفِّ. رَوَاهُ أَبُو دَاوُد

#### বাংলা

২৬৮৯-[১২] 'আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নারীদেরকে তাদের ইহরামে হাত মোজা ও বোরকা এবং ওয়ারস্ (জা'ফরানে রঞ্জিত কাপড়) পরতে নিষেধ করতে শুনেছেন। তারপর (ইহরামের পর) তারা যে কোন কাপড় পছন্দ করে পরতে পারবে- তা কুসুমী বা রেশমী হোক অথবা যে কোন ধরনের অলংকার অথবা পাজামা বা পিরান বা মোজা পরতে পারে। (আবু দাউদ)[1]

## ফুটনোট

[1] হাসান সহীহ : আবূ দাউদ ১৮২৭, ইবনু আবী শায়বাহ্ ১৪২৩৬, মুসতাদরাক লিল হাকিম ১৭৮৮, সুনানুল কুবরা লিল বায়হাক্কী ৯০৪৫।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (النِّقَابِ) "নিকাব" এখান থেকে বুঝা যায় মুহরিমার জন্য জায়িয নেই মোজা ও বোরকা পরা, আর এটাই সহীহ এবং সঠিক।

(مُعَصَّفُو) আমি ['উবায়দুল্লাহ মুবারকপূরী (রহঃ)] বলব, (مُعَصَّفُو) শব্দটি মিশকাত ও মাসাবীহের সব পাণ্ডুলিপিতে এ শব্দই রয়েছে। আবূ দাউদে রয়েছে (مُعَصَّفُو) এমনটাই বলেছেন আল মুনতাকা কিতাবের লেখক এবং শারহুল মুহায্যাব-এর লেখকের 'আল্লামা ইমাম নাবাবী, হাফিয ইবনু হাজার আসকালানী (রহঃ) তাঁর 'তালখীস'-এ, ইমাম বায়হাকী তাঁর 'সুনান'-এ, ইমাম যায়লা'ঈ তাঁর 'নাসবুর রায়াহ'-এ। ইমাম হাকিম তাঁর



'মুসতাদরাক' কিতাবে বলেছেন, (من معصفی) অর্থাৎ- من অতিরিক্ত করে। ইবনু 'আবদুল বার-এর ''জামি'উল উসূল''-এও এমনটিই আছে।

এ হাদীস থেকে বুঝা যায়, মুহরিমার জন্য 'উসফুর (হলুদ) রঙের কাপড় পরিধান জায়িয আছে- এমনটাই মতামত ব্যক্ত করেছেন ইমাম শাফি'ঈ ও ইমাম আহমাদ। ইমাম মালিক (রহঃ) এটাকে মাকরূহ বলেছেন এবং ইমাম সাওরী ও ইমাম আবৃ হানীফা (রহঃ) এটা নিষেধ করেছেন। খারক্বী (রহঃ) বলেন, উসফুর রং মিশ্রিত কাপড় পরতে কোন অসুবিধা নেই।

'আল্লামা ইবনু কুদামাহ্ বলেছেনঃ উসফুর যেহেতু কোন সুগন্ধি না তাই সেটা ব্যবহারে এবং তার ঘ্রাণ নিতে কোন অসুবিধা নেই- এটাই জাবির ইবনু 'উমার, 'আবদুল্লাহ বিন জা'ফার, 'আকীল বিন আবী ত্বলিব বলেছেন; এটা ইমাম শাফি'ঈ-এরও মত। 'আল্লামা শানকীতী (রহঃ) বলেছেন, সঠিক কথা হলো উসফুর কোন সুগন্ধি নয়, ঠিক তবে তা পরিধান করা জায়িয় নেই।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন